

বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়, ঢাকা।

গোপনীয়

হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-৩

নং-প্রকাঃএইচআরএমডিঃ৩ঃ১ঃ৩২২১(২০১৪-২০১৫)/ ২০১৮-২০১৯/

তারিখঃ ০১.১১.২০১৮ ইং

কর্মী সংক্রান্ত ঘোষণা

যেহেতু আপনি জনাব মোঃ মিজানুর রহমান(সাময়িকভাবে বরখাস্তকৃত), মুখ্য কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, ঝিনাইদহ, ইতিপূর্বে মাগুরা অঞ্চলাধীন বিকেবি, আলমখালী বাজার শাখায় ২য় কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালনকালে সংঘটিত অনিয়মের দায়ে আপনার বিরুদ্ধে বাংলাদেশ কৃষি ব্যাংক (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০০৮ এর অধীনে শৃংখলা সম্পর্কিত ৩৮ (ক), (খ), (ঘ) ও (চ) প্রবিধি মোতাবেক আপনাকে যথাক্রমে দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ, অদক্ষতা ও আত্মসাতমূলক অপরাধের জন্য ৩৯/১৪-১৫ নং বিভাগীয় শৃংখলাজনিত মামলা রুজু করিয়া অত্র বিভাগের ২২.০৪.২০১৫ ইং তারিখের প্রকাঃ এইচআরএমডিঃ ৩ঃ১ঃ ৩২২১/২০১৪-২০১৫/২০১৯ নম্বর স্মারকমূলে অভিযোগনামা জারী করা হইয়াছিল। আপনি উহার জবাব দাখিল করিয়াছিলেন এবং কর্তৃপক্ষ উক্ত মামলায় তদন্ত বোর্ড নিয়োগ করিয়াছিলেন;

- ০২। যেহেতু তদন্ত বোর্ড উক্ত বিভাগীয় মামলা প্রবিধান মোতাবেক তদন্তান্তে কর্তৃপক্ষের নিকট তদন্ত প্রতিবেদন পেশ করিয়াছিলেন;
- ০৩। যেহেতু কর্তৃপক্ষ আপনার বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ, আপনার জবাব, তদন্ত বোর্ডের দাখিলকৃত তদন্ত প্রতিবেদন এবং আনুষংগিক তথ্যাদি বিচার-বিশ্লেষণ করিয়া আপনি জনাব মোঃ মিজানুর রহমান আপনাকে আপনার বিরুদ্ধে প্রমানিত অভিযোগসমূহের জন্য বাংলাদেশ কৃষি ব্যাংক (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০০৮ এর ৩৯(১) (খ) প্রবিধি মোতাবেক গুরুদণ্ডে দণ্ডিত করিবার প্রাথমিক সিদ্ধান্ত গ্রহণ করতঃ উক্ত প্রবিধি মোতাবেক কেন আপনাকে ব্যাংকের চাকুরী হইতে বরখাস্ত অথবা বিকল্প গুরু দণ্ড প্রদান করা হইবে না- এই মর্মে অত্র বিভাগের ২০.০৯.২০১৬ ইং তারিখের প্রকাঃএইচআরএমডিঃ৩ঃ১ঃ৩২২১/২০১৪-২০১৫/ ৭৯৯ নম্বর কর্মী সংক্রান্ত ঘোষণা মূলে চূড়ান্ত কারন দর্শানো নোটিশ জারী করা হইয়াছিল। আপনি ২৭.১০.২০১৬ ইং তারিখে উহার জবাব দাখিল করিয়াছিলেন। অতঃপর কর্তৃপক্ষ সার্বিক বিষয়াদি বিচার-বিশ্লেষণ করিয়া আপনার দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ, অদক্ষতা ও আত্মসাতমূলক অপরাধের দায়ে দোষী সাব্যস্ত করতঃ আপনি জনাব মোঃ মিজানুর রহমান আপনাকে গুরু দণ্ড তথা চাকুরী হইতে বরখাস্ত করার চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করেন ;
- ০৪। এক্ষণে, সেহেতু কর্তৃপক্ষ গৃহীত সিদ্ধান্ত মোতাবেক বাংলাদেশ কৃষি ব্যাংক ( কর্মকর্তা ও কর্মচারী ) চাকুরী প্রবিধানমালা-২০০৮ এর ৩৯ (১) (খ), (উ) প্রবিধি অনুসারে আপনি জনাব মোঃ মিজানুর রহমান আপনাকে চাকুরী হইতে বরখাস্তের আদেশ দিলেন।

ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের আদেশক্রমে-

জনাব মোঃ মিজানুর রহমান (এম-১৮২৪)  
মুখ্য কর্মকর্তা (বরখাস্তকৃত)  
বাংলাদেশ কৃষি ব্যাংক  
আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়  
ঝিনাইদহ।

স্বাক্ষরিত

(মোঃ জহির ইকবাল)  
উপ-মহাব্যবস্থাপক

নং-প্রকাঃএইচআরএমডিঃ৩ঃ১ঃ৩২২১(২০১৪-২০১৫)/ ২০১৮-২০১৯/ ১৩৬০ (৬)  
সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল :

তারিখঃ ০১.১১.২০১৮ ইং

- ১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ২। স্টাফ অফিসার, সকল উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৩। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক (প্রশাসন), মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৪। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক, বিকেবি, বিভাগীয় কার্যালয়, কুষ্টিয়া।
- ৫। উপ-মহাব্যবস্থাপক, হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-১, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। আরোপিত শাস্তি সংশ্লিষ্ট কর্মকর্তার চাকুরী বহিতে লিপিবদ্ধ করিয়া কর্মী সংক্রান্ত ঘোষণাটি তাহার ব্যক্তিগত নথিতে সংরক্ষণের জন্য অনুরোধ করা হইল।
- ৬। উপ-মহাব্যবস্থাপক, হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-৪ বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৭। উপ-মহাব্যবস্থাপক, কেন্দ্রীয় হিসাব বিভাগ-২, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৮। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। কর্মী সংক্রান্ত ঘোষণা পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার সদয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হইল।
- ৯। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, কুষ্টিয়া।
- ১০। মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক, বিকেবি, মুখ্য আঞ্চলিক কার্যালয়, মাগুরা / ঝিনাইদহ।
- ১১। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, ঝিনাইদহ। এতদসঙ্গে প্রেরিত মূল কর্মী সংক্রান্ত ঘোষণাটি জনাব মোঃ মিজানুর রহমান এর নিকট প্রাপ্তি স্বীকার রশিদ মারফত হস্তান্তর করতঃ রশিদটি অত্র বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করা হইল।
- ১২। ব্যবস্থাপক, বিকেবি, আলমখালী বাজার শাখা, মাগুরা। অনিয়ম সংশ্লিষ্ট ঋণ বিতরণের বিপরীতে গুদামে রক্ষিত মালামাল তছরূপ করার অপরাধে গুদাম রক্ষক মোঃ নাজিমউদ্দিনের বিরুদ্ধে শাখা কর্তৃক সিনিয়র জুডিশিয়াল আদালত, মাগুরায় দায়েরকৃত মামলা নম্বর-৬২৪/১৪ তারিখ- ৩০.০৯.২০১৪ চলমান রাখার জন্য কর্তৃপক্ষের নির্দেশক্রমে অনুরোধ করা হইল। তাছাড়া, স্থানীয় চেয়ারম্যান কর্তৃক ব্যাংকের সংশ্লিষ্ট ৭ জন কর্মকর্তা / কর্মচারীসহ গুদাম কমিটির সভাপতি ও গুদাম রক্ষককে দায়ী করে দুর্নীতি দমন কমিশন, যশোরে দায়েরকৃত মামলা নম্বর-৭৩, তারিখঃ ২২.০৯.২০১৪ যা পরবর্তীতে জেলা জজ আদালতে স্থানান্তরিত বিশেষ মামলা নং- ০৪/২০১৭ হিসেবে চলমান আছে তাও অব্যাহত রাখার জন্য কর্তৃপক্ষের নির্দেশক্রমে অনুরোধ করা হইল।
- ১৩। নথি/মহানথি / মূলনথি।

(মোঃ ওবায়দ উল্লাহ)  
সহকারী মহাব্যবস্থাপক